

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
বোদা, পঞ্চগড়

২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, বোদা, পঞ্চগড় এর ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ১ম অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি : ডাঃ মুহাম্মদ আব্দুস সোবহান

সভার তারিখ : ১৮/০৯/২০২২

সভার স্থান : প্রশিক্ষণকক্ষ, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল, বোদা, পঞ্চগড়

সময় : বিঃ ৩.০০ ঘটিকা

আলোচ্য বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, বোদা, পঞ্চগড় এর ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় ।

সভার প্রারম্ভে অংশগ্রহণকৃত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি জনবান্ধব ও সেবামুখী প্রাণিসম্পদ দপ্তরগড়ে তোলার গুরুত্ব তুলে ধরেন। উক্ত সভায় অংশগ্রহণকৃত সকলের উদ্দেশ্যে তিনি চতুর্থ শিল্প বিপ্লব সম্পর্কে ধারণা প্রদান করেন। তিনি বলেন যে, বিগত সময়ের সব হিসাব নিকাশ বাতিল করে আমাদের দরজায় এখন যে, শিল্প বিপ্লবটি কড়া নাড়ছে, সেটি হচ্ছে কৃত্তিম বুদ্ধিমত্তাভিত্তিক চতুর্থ শিল্পবিপ্লব, যার গতি কল্পনার চেয়েও বেশি। রোবটিক্স, আইওটি, ন্যানো প্রযুক্তি, ডেটাসায়েন্স ইত্যাদি প্রযুক্তি প্রতিনিয়ত চতুর্থ শিল্প বিপ্লবকে নিয়ে যাচ্ছে অনন্য উচ্চতায়। ইন্টারনেট প্রযুক্তি, কৃত্তিম বুদ্ধিমত্তা আর মেশিন লার্নিংয়ের কল্যাণে এখন যে বিপ্লব শুরু হয়েছে তাই হল চতুর্থ শিল্প বিপ্লব।

অতঃপর চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সভায় উপস্থিত বিভিন্ন সদস্য, অংশীজন নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেন।

সিদ্ধান্তঃ

১. সব শ্রেণি ও পেশার মানুষের মধ্যে চতুর্থ শিল্প বিপ্লব বিষয়ক ধারণা প্রদান এবং চতুর্থ শিল্পবিপ্লবের সঙ্গে সম্পর্কিত অগ্রসরমান প্রযুক্তি সম্পর্কে জনসচেতনতা তৈরির লক্ষ্যে ব্যাপক প্রচার করতে হবে।
২. ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় ডিজিটাল ও প্রযুক্তিভিত্তিক মানবসম্পদ গড়ে তুলতে হবে।
৩. সক্ষমতা বৃদ্ধির জন্য কর্মকর্তা/কর্মচারীদের ক্লাউডসার্ভার, ইন্টারনেট অব থিংস এবং কৃত্তিম বুদ্ধিমত্তা বিষয়ক প্রশিক্ষণ এর আওতায় আনতে হবে।
৪. কেবল পরিকল্পনার মধ্যে সীমাবদ্ধ না থেকে অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি আমাদের প্রাণিসম্পদ খামারিদের ও যথাযথভাবে প্রস্তুত করতে হবে। আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, আইওটি প্রযুক্তি কাজে লাগিয়ে খামার ব্যবস্থাপনা, পন্য সরবরাহ, প্রাণিচিকিৎসা ক্ষেত্রে চতুর্থ বিপ্লবের সুযোগ কাজে লাগানোর জন্য আরও গভীরভাবে ভাবতে হবে।

বাস্তবায়ন :

১. সব শ্রেণি ও পেশার মানুষের মধ্যে চতুর্থ শিল্প বিপ্লব বিষয়ক জনসচেতনতা তৈরির পদক্ষেপ হিসেবে অনলাইন পশুরহাট, বোদা, পঞ্চগড় নামে একটি গ্রুপ খোলা হয় যেখানে প্রত্যন্ত অঞ্চলের খামারিরাও তাদের পশুপাখি কেনা বেচা করতে পারে।

সভার গঠনমূলক মতামত প্রদান করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
বোদা, পঞ্চগড়

স্মরণকনং ৩৩.০১.৭৭২৫.০০০.০০.০০০.২২.৫৫৬

অবগতিরজন্য অনুলিপি প্রেরণকরাহলো ;

১। জেলাপ্রাণিসম্পদ কর্মকর্তা, পঞ্চগড়

২। অফিসকপি